গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

মহান বিজয় দিবস কুচকাওয়াজ-২০১৯ উদযাপন উপলক্ষে সম্মিলিত কুচকাওয়াজ অনুষ্ঠানে সুরক্ষা সেবা বিভাগের যান্ত্রিক বহর সজ্জিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ১৩.১১.১৯ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | কক্ষ নং-৩০৯, ৪র্থ তলা, সুরক্ষা সেবা বিভাগ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে বলেন, লাখো প্রাণের বিনিময়ে অর্জিত স্বাধীনতা বাঙালি জাতির শ্রেষ্ঠ অর্জন। শ্রেষ্ঠ অর্জন স্বাধীনতার জন্য বাঙালি জাতি বিনম্র চিত্তে পরম শ্রদ্ধার সাথে স্মরণ করবে বঙ্গবন্ধুসহ মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদদের, যাঁদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে অর্জিত হয় স্বাধীনতা।

এ দিবসের অন্যতম কর্মসূচি হিসেবে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে বিগত বছরসমূহের অভিজ্ঞতার আলোকে আরও আর্কষণীয় ও আড়ম্বরপূর্ণভাবে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে যান্ত্রিক বহরে (ট্রাকলরী) অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন। গত ৩১.১০.১৯ তারিখে এতৎবিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এরপর সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সর্ম্পকে স্ব স্ব অধদিপ্তর হতে আগত প্রতিনিধি কর্তৃক অবহিত করা হয়। এ পর্যায়ে ট্রাকবহরটি সুসজ্জতিকরণ, চিত্তার্কষক, আকর্ষণীয় ও দৃষ্টিনন্দিত প্রদর্শনের উপর সংশ্লিষ্ট সকলের মতামত আহবান করা হয়।

২। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- মহান বিজয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ৩০.০৭.১৯ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে সকল মন্ত্রণালয়ের যান্ত্রিক বহর প্রদর্শনীর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সুসজ্জিত গাড়ি সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় খরচ স্ব স্ব অধিদপ্তর কর্তৃক সমহারে বহন করবে।

- প্রত্যেক অধিদপ্তর হতে ৩০ সেকেন্ডে উপস্থাপনযোগ্য থিম অধিদপ্তর প্রধানের স্বাক্ষরে ২০.১১.১৯ তারিখের মধ্যে এ বিভাগের প্রশাসন-৩ শাখায় প্রেরণ করা।

- অধিদপ্তর কর্তৃক নির্বাচিত সদস্যদের চূড়ান্ত মহড়া এবং যান্ত্রিকবহরে সক্রিয়ভাবে অংশগ্রহণের নিমিত্ত নিরাপত্তা পাশ ইস্যুকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

- জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে অংশ গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম প্রদর্শনপূর্বক গাড়ি সজ্জিতকরণের সমন্বয়ের দায়িত্ব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর পালন করবে। এ মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তর এতে সক্রিয়ভাবে অংশগ্রহণের নিমিত্ত নিরাপত্তা পাশ ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

- মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ ব্যবস্থাপনা কমিটিতে সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব এবং সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটিতে জনাব মুনিম হাসান, যুগ্মসচিব সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি হিসাবে ৯ পদাতিক ডিভিশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করা।

- যান্ত্রিকবহরে সুরক্ষা সেবা বিভাগ-এর ট্রাকটি সুসজ্জিত করার জন্য অধিদপ্তরের প্রতিনিধিগণ কর্তৃক প্রয়োজনে ইভেন ম্যানেজমেন্ট-এর জনাব শফিক, মোবাঃ-০১৭০৪-১৭১৫০০/জনাব সাদি, মোবাঃ-০১৭১২০৮৩২৮৬-

এর সাথে যোগাযোগ করা। ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক যান্ত্রিক বহরের লরি সজ্জিতকরণের সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করা।

- উপসচিব (প্রশাসন-২) কর্তৃক উপসচিব(বাজেট) এর সাথে যোগাযোগপূর্বক যান্ত্রিকবহর সজ্জিতকরণের প্রয়োজনীয় অর্থের সংস্থানের বিষয়টি সমন্বয় করা।

- আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে চূড়ান্ত পরিদর্শনের পূর্বে ভিভিআইপিগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এর প্রকৃত সময়ে মোটর শোভাযাত্রাসহ একটি পূর্ণাঙ্গ অনুশীলন করা হবে। এসএসএফ কর্তক এ পরিদর্শনের সময়ে এ বিভাগের মনোনীত প্রতিনিধি উপস্থিত থাকতে অনুরোধ করা হয়।

- এসএসএফ এবং জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠান সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে যান্ত্রিক বহরের লরি মোতায়েন নিশ্চিত করা।

- 'সিভিল সার্জন, ঢাকা কর্তৃক ১X অ্যাম্বুলেন্স এবং ফায়ার সার্ভিস ইউনিট, সাভার কর্তৃক ১Xঅ্যাম্বুলেন্স স্মৃতিসৌধের ভিতরে স্ট্যান্ডবাই অবস্থায় থাকবে। জিওসি, ৯ পদাতিক ডিভিশন কর্তৃক চূড়ান্ত পরিদর্শনের (১২ ডিসেম্বর ২০১৯ তারিখ ১৫০০ ঘটিকা) দিন উল্লেখিত অ্যাম্বুলেন্সসমূহ স্মৃতিসৌধ এলাকায় উপস্থিত থাকবে এবং এডিএমএস ৯ পদাতিক ডিভিশন কর্তৃক রোগী স্থানান্তরের ড্রিল অনুশীলন করা হবে'। এ ছাড়া 'সাভার স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের দিন প্রয়োজনীয় সংখ্যক সরঞ্জামাদিসহ ফায়ার সার্ভিস-এর উপস্থিতি নিশ্চিত করতে হবে'। ৯ পদাতিক ডিভিশনের সভার এ সিদ্ধান্তের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশিষ্ট অংশ এবং এসএসএফ-এর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা।

৩। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. তরুণ কান্তি শিকদার)
অতিরিক্ত সচিব

স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০৪.১৭- ৬৬৬

তারিখ : ২৯ কার্তিক ১৪২৬ / ১৪ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা
৪। অতিরিক্ত সচিব.....................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা।
৯। যুগ্মসচিব.....................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপসচিব.....................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০২ ৯৫৭৪৫১৬